

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গণযোগাযোগ অধিদপ্তর
তথ্য ভবন
১১২, সার্কিট হাউস রোড, ঢাকা।
www.masscommunication.gov.bd

নং ১৫.৫৬.০০০০.০০২.১৬.৯৪.১৫-(পার্ট-১) ১৪৪

তারিখ: ০৬.১.২০২২

বিষয়:- তৃণমূল পর্যায়ের জনগণের মতামত সংবলিত ডিসেম্বর/২০২১ (২য় পক্ষ) মাসের 'জনমত' প্রতিবেদন।


গণযোগাযোগ অধিদপ্তর ৬৪ জেলা তথ্য অফিস এবং পার্বত্য এলাকায় উপজেলা পর্যায়ে ৪ তথ্য অফিস থেকে প্রাপ্ত প্রত্যন্ত অঞ্চলের জনগণের মতামতের ভিত্তিতে পাক্ষিক জনমত প্রতিবেদন তৈরি করে থাকে।

তথ্য কর্মকর্তাগণ দেশের প্রত্যন্ত অঞ্চলে মাননীয় প্রধানমন্ত্রীর ১০টি বিশেষ উদ্যোগ (ব্রান্ডিং শেখ হাসিনা) বিষয়ক চলচ্চিত্র প্রদর্শনী ও কুইজ প্রতিযোগিতা, ওরিয়েন্টেশন কর্মশালা, উন্মুক্ত বৈঠক, আলোচনা সভা, মহিলা সমাবেশ, দেশাত্মবোধক ও উদ্বুদ্ধকরণ সংগীতানুষ্ঠান আয়োজন করে থাকে। এ সকল কাজ বাস্তবায়নের মাধ্যমে সাধারণ মানুষের কাছে শিক্ষা, স্বাস্থ্য, স্যানিটেশন, নিরাপদ মাতৃত্ব, শিশু ও নারী অধিকার, জঙ্গি দমন, মাদকবিরোধী অভিযান, তথ্য অধিকার আইন এবং সরকারের সাফল্য, অর্জন ও উন্নয়ন কর্মকান্ডের বার্তা প্রচার করে থাকে।

এ সকল কর্মকান্ড বাস্তবায়ন করতে গিয়ে তথ্য অফিসারদের সাথে সাধারণ মানুষের মতামতের মিথস্ক্রিয়া ঘটে। এ মিথস্ক্রিয়ার মাধ্যমে বিভিন্ন পর্যায়ের ব্যক্তিবর্গের কাছ থেকে সংগৃহীত তথ্য এবং স্থানীয় সংবাদপত্রে প্রকাশিত সংবাদের ভিত্তিতে জনমত প্রতিবেদন তৈরি করা হয়।

তথ্য অফিসসমূহ থেকে প্রাপ্ত জনমতের আলোকে ডিসেম্বর-২০২১ (২য় পক্ষ) মাসের 'জনমত' প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। প্রতিবেদনটি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ সাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি: জনমত প্রতিবেদন এক প্রস্তু।


১১/১/২০২২
(বিধান চন্দ্র কর্মকার)

মহাপরিচালক

ফোন-৮৩০০৬৪০

dgmasscommunication@yahoo.com

সচিব

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি:

০১। উপসচিব (প্রশাসন-২ অধিশাখা), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। সহকারী রক্ষণাবেক্ষণ তত্ত্বাবধায়ক, গণযোগাযোগ অধিদপ্তর, ঢাকা (প্রতিবেদনটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

ডিসেম্বর-২০২১ (২য় পক্ষ)

জনমত শিরোনাম-

- যথাযথ মর্যাদায় মহান বিজয় দিবস-২০২১ এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন
- আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক
- নোয়াখালীতে বিমানবন্দর নির্মাণের দাবি
- জনগণকে স্বাস্থ্যবিধি মেনে চলতে তথ্য অফিসসমূহের প্রচার কার্যক্রম অব্যাহত

- যথাযথ মর্যাদায় মহান বিজয় দিবস-২০২১ এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন

দেশব্যাপী যথাযথ মর্যাদায় বিপুল উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে মহান বিজয় দিবস-২০২১ এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপিত হয়েছে। এ উপলক্ষ্যে জেলা তথ্য অফিসসমূহ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর কর্মময় জীবন, মুক্তিযুদ্ধভিত্তিক চলচ্চিত্র, পোস্টার বিতরণ ও আলোচনা সভার আয়োজন করেন। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক শপথবাক্য পাঠ করানোয় মাননীয় প্রধানমন্ত্রীর ভূয়শী প্রশংসা করেছেন দেশবাসী।

- আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক

দেশব্যাপী আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। যুব সমাজের মাঝে মাদকের অপব্যবহার বৃদ্ধি পেয়েছে। মাদকের বিরুদ্ধে বিজিবি, পুলিশ ও অন্যান্য আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী নিয়মিত অভিযান অব্যাহত রেখেছেন। তাদের এ কার্যক্রমে জনসাধারণ সন্তুষ্টি প্রকাশ করেছে বলে জনমতে প্রকাশ।

- নোয়াখালীতে বিমানবন্দর নির্মাণের দাবি

লক্ষ লক্ষ প্রবাসী অধ্যুষিত নোয়াখালী জেলায় একটি বিমানবন্দর নির্মাণের জন্য জোর দাবি জানিয়েছেন নোয়াখালী জেলাবাসী। এ জেলায় বিমানবন্দর নির্মিত হলে পার্শ্ববর্তী জেলার জনগণও বিমানবন্দরের সুফল ভোগ করবেন বলে জনমতে প্রকাশ।

- জনগণকে স্বাস্থ্যবিধি মেনে চলতে তথ্য অফিসসমূহের প্রচার কার্যক্রম অব্যাহত

করোনা সংক্রমণের ঝুঁকিরোধে কোভিড-১৯ এর টিকা গ্রহণ, ডেঙ্গু নিরোধে জনগণকে স্বাস্থ্যবিধি মেনে চলতে তথ্য অফিসসমূহ তাদের প্রচার কার্যক্রম অব্যাহত রেখেছেন।